



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী ৩৮১৪, বাংলাদেশ।
Noakhali Science & Technology University
Noakhali-3814, Bangladesh.

Phone : 880 -321- 62812
Fax : 880 - 321 - 62788
Mobile : 880 - 01888661080
E-mail : economics@office.nstu.edu.bd

অর্থনীতি বিভাগ
Department of
Economics
"শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ"



স্মারক : নোবিপ্রবি/অর্থনীতি-এম.এস.এস ভর্তি-৭/২০২৪/২০৪৫

তারিখ : ২৮ মার্চ ২০২৪

স্নাতকোত্তর (মাস্টার্স) ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে ২০২২-২৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর (মাস্টার্স) (Master of Social Science) এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিইচ্ছুক ছাত্র-ছাত্রীরা অফিস চলাকালীন সময়ে বিভাগীয় অফিস থেকে আগামী ২১ এপ্রিল, ২০২৪ থেকে ০৯ মে, ২০২৪ তারিখের মধ্যে আবেদন ফরম সংগ্রহ ও জমা দিতে পারবে। আবেদন ফরমের মূল্য ১০০০/- (এক হাজার) টাকা। ভর্তি কমিটি কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তির তালিকা প্রকাশ করা হবে। ভর্তির সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ফি জমা দিতে হবে।

ডিগ্রী: মাস্টার অব সোশ্যাল সায়েন্স ইন ইকোনমিক্স।

ভর্তির যোগ্যতা:

- ১। প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা অন্য যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/সমমানের ডিগ্রীধারী হতে হবে।
- ২। অভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ২.২৫ থাকতে হবে এবং বহিঃস্থ প্রার্থীর ক্ষেত্রে স্নাতক (সম্মান) পর্যায়ে সিজিপিএ ২.৫০ থাকতে হবে। বহিঃস্থ প্রার্থীদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ৩। বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিইচ্ছুক ছাত্র-ছাত্রী পূর্বে কোন সেমিস্টারে ভর্তিকৃত কিনা, চাকুরীরত কিনা ইত্যাদি বিষয়ে যাচাই-বাছাই পূর্বক সুপারিশকৃত প্রার্থীদের কে ভর্তি করা হবে।
- ৪। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ৫। ডাকে পাঠানো আবেদন গ্রহণযোগ্য নয়।

আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

- ১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট/মার্কশীট এবং সার্টিফিকেট এর সত্যায়িত কপি।
- ২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রশংসাপত্র।
- ৩। ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত সাম্প্রতিক ছবি।
- ৪। চাকুরীরত প্রার্থীকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে ক্রাশে যোগদান ও শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য দুই সেমিস্টার ব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের ছুটি প্রদান করা হবে এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে।
- ৫। ভর্তি ফরম ফরমের রশিদ এর ফটোকপি সংযুক্ত করতে হবে।

ধন্যবাদান্তে

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), অর্থনীতি বিভাগ
এবং সভাপতি, এম এস এস ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ : ২০২২-২৩)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি :

- ১। ডিন, সামাজিক বিজ্ঞান ও মানবিক অনুষদ, নোবিপ্রবি।
- ২। রেজিস্ট্রার, নোবিপ্রবি।
- ৩। হিসাব পরিচালক (ভারপ্রাপ্ত), নোবিপ্রবি।
- ৪। পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি।
- ৫। পরিচালক, সাইবার সেন্টার, নোবিপ্রবি (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
- ৭। বিভাগীয় নোটিশ বোর্ড।
- ৮। অফিস কপি।